11 December 2022

# রংপুরে মায়া বিড়ি ফ্যাক্টরী সর্বোচ্চ মূসকদাতা প্রতিষ্ঠান



ছবি: গ্লোবাল টিভি

---

রংপুর ব্যুরোঃ বিশ্বের অন্যান্য উন্নয়নশীল ও উন্নত দেশগুলোর মতো বাংলাদেশকে সমৃদ্ধ করতে হলে ভ্যাটের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন জাতীয় রাজস্ব বোর্ড ঢাকার সদস্য (আন্তর্জাতিক কর) আব্দুল মজিদ।

শনিবার দুপুরে রংপুরে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কার্যালয়ের সভাকক্ষে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আব্দুল মজিদ বলেন, দেশের উন্নয়নে রাজস্ব আহরণ গুরুত্বপূর্ণ। বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারী স্বত্ত্বেও দেশের অর্থনীতির চাকা সচল রাখার প্রয়াসে প্রধানমন্ত্রীর যুগোপযোগী এবং বাস্তবমূখী দিক নির্দেশনায় জাতীয় রাজস্ব বোর্ড ২০২১-২২ অর্থবছরে রাজস্ব আহরণে প্রায় ১৬.০৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে একটি অনন্য দক্ষতার নজির স্থাপন করেছে।

অনুষ্ঠানে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট রংপুর এর কমিশনার সুরেশ চন্দ্র বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কর অঞ্চল রংপুরের কর কমিশনার আবুল কালাম, স্থানীয় সরকার পরিচালক (রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়) ফজলুল কবীর, রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট মোস্তফা সোহবার টিটু।

স্বাগত বক্তব্য রাখেন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট রংপুর এর অতিরিক্ত কমিশনার অরুণ কুমার বিশ্বাস এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুগ্ম কমিশনার মোহাম্মদ আরিফুল ইসলাম।

আলোচনা পর্ব শেষে ২০২০-২১ অর্থবছরে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট রংপুর এর আওতাধীন আট জেলায় উৎপাদন, সেবা ও ব্যবসা-এ তিন ক্যাটাগরিতে সর্বোচ্চ মূসকদাতা হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃত নির্বাচিত ১৮ জন ব্যবসায়ী ও ব্যবসা প্রতিষ্ঠানকে সম্মাননা ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

এবার উৎপাদন ক্যাটাগরিতে রংপুর জেলার মধ্যে মেসার্স মায়া বিড়ি ফ্যাক্টরী, ব্যবসায় আরিফিন মটরস ও সেবায় গ্রাণ্ড প্যালেস হোটেল এণ্ড রিসোর্টস লিমিডেট সর্বোচ্চ মূসকদাতা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়েছেন।

https://www.globaltvbd.com/news-details/37504

NB NewsBangla24.com

10 December 2022

# অনলাইনে দাখিল হচ্ছে ৮৪ শতাংশ ভ্যাট




*ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষে সেমিনার ও সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়*

ডিজিটাল ব্যবস্থাপনায় সহজেই ভ্যাট দাখিল করা সম্ভব হয়েছে। ২০২২ সালের ২৮ নভেম্বর পর্যন্ত রাজস্ব বোর্ডে দেশের ৪ লাখ ৪ হাজার ৩৭৬টি অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে।

সরকারের ডিজিটাল ব্যবস্থাপনার কারণে অফিসে না গিয়েও সহজেই ভ্যাট দাখিল করা সম্ভব হয়েছে। ২০২২ সালের ২৮ নভেম্বর পর্যন্ত রাজস্ব বোর্ডে দেশের ৪ লাখ ৪ হাজার ৩৭৬টি অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। আর প্রতি মাসে দাখিল হওয়া ভ্যাটের প্রায় ৮৪ শতাংশ অনলাইন মাধ্যম ব্যবহার করে সম্পন্ন হয়েছে।

শনিবার দুপুরে খুলনার খালিশপুরে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কার্যালয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষে অনুষ্ঠিত সেমিনার ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়।

অনুষ্ঠানে বক্তারা আরও বলেন, বর্তমানে বিশ্বের ১৬৬টি দেশে ভ্যাট ব্যবস্থা চালু রয়েছে। বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড ২০২১-২২ অর্থবছরে রাজস্ব আহরণে ১৬ দশমিক ০৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে, যেখানে অভ্যন্তরীণ উৎস থেকে সংগৃহীত ভ্যাটের প্রবৃদ্ধি ১১ দশমিক ১৯ শতাংশ।

সেমিনারে আরও জানানো হয়, ২০২২-২৩ অর্থবছরে দেশের বাজেটে মোট ব্যয়ের আকার ৬ লাখ ৭৮ হাজার ৬৪ কোটি টাকা। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে আদায়ের লক্ষ্যমাত্রা ৩ লাখ ৭০ হাজার কোটি টাকা।

এ ছাড়া চলতি অর্থবছরে খুলনা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের ভ্যাট আদায়ের লক্ষ্যমাত্রা ৩ হাজার ৪৫৩ কোটি টাকা। এর মধ্যে বিগত পাঁচ মাসে ৮২৭ কোটি টাকা ভ্যাট আদায় সম্পন্ন হয়েছে।

ভ্যাট দিবসের এবারের প্রতিপাদ্য ‘উন্নয়নের ভ্যাট নীতি, ভ্যাট দিয়ে গড়ব জাতি’। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা সিটি করপোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।

তিনি বলেন, ‘দেশের উন্নয়নের স্বার্থে সঠিকভাবে ভ্যাট আদায় গুরুত্বপূর্ণ। ব্যবসায়ীদের আইনের প্রতি দায়বদ্ধ থেকে ভ্যাট দিতে হবে। পাশাপাশি রাজস্ব দপ্তরের কর্মকর্তাদেরও ব্যবসায়ীদের সঙ্গে সুন্দর সম্পর্ক গড়ে তুলতে হবে। আপনাদের মনে রাখতে হবে বাংলাদেশে নিজের টাকায় পদ্মা সেতুর মতো বৃহৎ উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে। উন্নয়নের ক্ষেত্রে বিদেশি সাহায্যের ওপর আমাদের নির্ভরশীলতাও কমেছে।’

তিনি দাবি করেন, 'বর্তমানে খুলনা সিটি করপোরেশন এলাকায় প্রায় ২ হাজার ২০০ কোটি টাকার উন্নয়নকাজ চলমান রয়েছে। এসব উন্নয়ন জনগণের ভ্যাট-ট্যাক্সের টাকায় হচ্ছে। সঠিক নিয়মে ভ্যাট দিয়ে নাগরিক দায়িত্ব পালন করলে নিজেদের টাকায় দেশকে আরো এগিয়ে নেওয়া সম্ভব।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল্যাড ট্রাইব্যুনালের প্রেসিডেন্ট এসএম হুমায়ুন কবীর, মোংলা কাস্টম হাউসের কমিশনার মোহাম্মদ নেয়াজুর রহমান, খুলনা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেটের কমিশনার ড. নাহিদা ফরিদী, খুলনা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম) মো. সাজিদ হোসেন ও খুলনা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সহসভাপতি মোস্তফা জেসান ভুট্ট।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার মুহম্মদ জাকির হোসেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপ-কর কমিশনার বেলাল হোসেন এবং স্বাগত জানান যুগ্ম কর কমিশনার মো. মাজেদুল হক।

অনুষ্ঠানে ২০২১-২২ অর্থবছরে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী ১৫টি প্রতিষ্ঠানকে সম্মাননা দেওয়া হয়। সম্মাননা পাওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে খুলনার শিরোমনি বিসিক শিল্প এলাকার মেসার্স খোরশেদ মেটাল ইন্ডাস্ট্রিজ, দৌলতপুরের সেভ অ্যান্ড সেইভ, ঝালকাঠির মেসার্স সাবিহা কেমিক্যাল ওয়ার্কস, পটুয়াখালীর পানজা বিড়ি লিমিটেড, বরগুনার মেসার্স উজ্জ্বল কেমিক্যাল ওয়ার্কস, বরিশালের এমইপি প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ, বরিশালের নিউ পার্ক বাংলা, বরিশালের নাদিয়া ফার্নিচার লিমিটেড, মোংলার দুবাই বাংলাদেশ সিমেন্ট মিলস লিমিটেড, মাদারীপুরের চাঁন বিড়ি ফ্যাক্টরি, মাদারীপুরের মেসার্স সিগমা ট্রেডার্স, মাদরীপুরের হোটেল সার্বিক ইন্টারন্যাশনাল, শরীয়তপুরের বাজাজ ভিলেজ, সাতক্ষীরার বাজাজ সেলস পয়েন্ট এবং সাতক্ষীরার মেসার্স জয়হুন ডেইরি শপ।

https://www.newsbangla24.com/news/215681/84-percent-of-VAT-is-filed-online

দৈনিক
# যমুনা প্রবাহ
jamunaprobaho.com
রেজিঃ রাজঃ ২২৯ বর্ষ ঃ ২৪ সংখ্যা ঃ ২৯২ সোমবার সিরাজগঞ্জ ২৭ অগ্রহায়ণ ১৪২৯, ১২ ডিসেম্বর ২০২২ পৃষ্ঠা ঃ ৮ মূল্যঃ ৩ টাকা

## সিরাজগঞ্জে সরিষা ফুল থেকে ৫শ টন মধু সংগ্রহের লক্ষমাত্রা নিয়ে মৌচাষীরা মাঠে



■ নিজস্ব প্রতিবেদক
সিরাজগঞ্জের বিভিন্ন উপজেলার বিস্তৃর্ন সরিষা মাঠ থেকে পোশা মৌমাছি নিয়ে ফুল থেকে প্রায় ৫শ টন মধু সংগ্রহের লক্ষমাত্রা মাত্রা নিয়ে মাঠে নেমেছে মৌচাষীরা।
ইতিমধ্যে সরিষা ক্ষেতের পাশে অন্তত ৩ শতাধিক মৌ খামারী তাদের খামারের মৌ বাক্স স্থাপন করেছে।
এই মধু সংগ্রহের সময় মৌমাছির পরাগায়নের ফলে একদিকে যেমন সরিষার ফলন বাড়ে। তেমনি বেকার যুবকদের কর্মসংস্থানের পাশাপাশি প্রতি বছর কোটি কোটি টাকার মধু উৎপাদন হচ্ছে। মৌখামারীরা বলছে মধু উৎপাদন অব্যাহত রাখতে ও মৌমাছি বাঁচাতে সরিষা ফুলে কৃষকদের অযাচিত কিটনাশক ব্যবহার বন্ধে কৃষি বিভাগের সচেতনতা জরুরী।
সিরাজগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় প্রতি বছর হাজার হাজার হেক্টর জমিতে রবি সরিষার চাষাবাদ হয়। এবারও তার ব্যতিক্রম হয়নি।
চলতি রবি মৌসুমে সরকারিভাবে কৃষকদের বিনামূল্য উন্নত জাতের সরিষার বিজ ও রাসায়নিক সার দেয়ায় জেলায় ৬১ হাজার হেক্টরের বেশি জমিতে রবি সরিষার আবাদ হয়েছে। ইতিমধ্যে বিভিন্ন উপজেলায় আগাম সরিষার ফুল ধরেছে।
বাতাসে দোল খাচ্ছে হলুদ সরিষার ফুল। হলুদের চাদরে ঢাকা পড়ছে এখানকার সরিষার মাঠ। এই সরিষা ফুল থেকে পোশা মৌমাছি দিয়ে দীর্ঘদিন ধরে শত শত টন মধু সংগ্রহ করে মৌচাষীরা। এবারও (২য় পাতায় দেখুন)



## মন্ত্রিপরিষদের সচিব হলেন সিরাজগঞ্জের কৃতি সন্তান কবির বিন আনোয়ার

■ নিজস্ব প্রতিবেদক
মন্ত্রিপরিষদে সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সিরাজগঞ্জের কৃতি সন্তান কবির বিন আনোয়ার। রোববার (১১ ডিসেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে (২য় পাতায় দেখুন)

## বঙ্গমাতা সাংস্কৃতিক জোটের উদ্যোগে নারী মুক্তিযোদ্ধাদের সম্মাননা আজ ঃ প্রধান অতিথি ডেপুটি স্পীকার



■ নিজস্ব প্রতিবেদক
আজ সোমবার (১২ ডিসেম্বর) মহান বিজয় দিবস উপলক্ষে বঙ্গমাতা সাংস্কৃতিক জোট সিরাজগঞ্জ জেলা শাখার উদ্যোগে নারী মুক্তিযোদ্ধাদের সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। বিকেল তিনটায় শহরের শহীদ এম মনসুর আলী অডিটোরিয়ামে আয়োজিত এ সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় সংসদের ডেপুটি স্পীকার এ্যাড. শামসুল হক টুকু। অনুষ্ঠানের উদ্বোধন করবেন বঙ্গমাতা সাংস্কৃতিক জোট কেন্দ্রীয় কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি আলহাজ্ব শেখ শাহ আলম। বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকবেন সিরাজগঞ্জ-২ আসনের সংসদ সদস্য অধ্যাপক ডা. হাবিবে মিল্লাত মুন্না ও সিরাজগঞ্জ-১ আসনের সংসদ সদস্য প্রকৌশলী তানভীর শাকিল জয়। বঙ্গমাতা সাংস্কৃতিক জোট সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি, সাবেক সংসদ সদস্য সেলিনা বেগম স্বপ্নার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ (২য় পাতায় দেখুন)



## সিরাজগঞ্জে জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

■ নিজস্ব প্রতিবেদক
সিরাজগঞ্জ জেলা আইন আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার (১১ ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের এ কে শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষে জেলা আইন আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভার সভাপতি জেলা প্রশাসক মীর মোহাম্মদ মাহবুবুর রহমান এর সভাপতিত্বে এ সময়ে বক্তব্য রাখেন, সিরাজগঞ্জ সদর ও কামারখন্দ আসনের জাতীয় সংসদ সদস্য (২য় পাতায় দেখুন)

## বেলকুচিতে জেল-জরিমানা করেও অবৈধভাবে বালু উত্তোলন বন্ধ হচ্ছে না

■ নিজস্ব প্রতিবেদক
সিরাজগঞ্জ বেলকুচি উপজেলার বড়ধুল ইউনিয়নের মেহের নগর, ভাংগালিয়া, চর জাজালিয়া, দিঘুলিয়া, চরবেল, সেবুগোলা, আড়গোলা, মহেশপুর, শাহপুর কান্দিপাড়া এলাকার হাওয়া ভবনের (২য় পাতায় দেখুন)

## এনায়েতপুর জোদ্দার বাড়ীতে আজ ৮৮ তম ইছালে ছওয়াব মাহফিল

■ নিজস্ব প্রতিবেদক
সিরাজগঞ্জের এনায়েতপুরের ঐতিহ্যবাহী জোদ্দার বাড়ীতে আজ সোমবার ৮৮তম ইছালে ছওয়াব মাহফিল অনুষ্ঠিত হবে।
বাদ মাগরিব জিকিরের তালিম, কুরআন তেলাওয়াত, হামদ-না'ত ও সংক্ষিপ্ত নসিহতের মাধ্যমে মাহফিল শুরু ও রাতেই আখেরি মোনাজাত অনুষ্ঠিত হবে।
গুরুত্বপূর্ণ তালিম ও নসিহত প্রদান করবেন, প্রধান অতিথি ভারতের ফুরফুরা শরীফের আলহাজ্ব মুফতি মোঃ ইমরান উদ্দিন সিদ্দিকী পীর ছাহেব, প্রধান বক্তা হযরত মাও. মেহরাব উদ্দিন সিদ্দিকী পীর ছাহেব (ভারত), দ্বিতীয় বক্তা আলহাজ্ব মাওলানা মোঃ আজমতউল্লাহ ছাহেব (ভারত) এবং আরজ গুজার মোঃ চাঁন মিয়া জোদ্দার। এদিকে মাহফিল কেন্দ্র করে (২য় পাতায় দেখুন)

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিনামূল্যে থেরাপী সেবা প্রদানের লক্ষ্যে মানব সেবামূলক প্রতিষ্ঠান দক্ষিণ কোরিয়ান কোম্পানী DODAM-MS থেরাপী সেন্টার সিরাজগঞ্জ শাখার জন্য DODAM অফিসার পদে কিছু সংখ্যক পুরুষ-মহিলা নিয়োগ করা হইবে। আগ্রহী প্রার্থীগণ নিম্নের ই-মেইলে সিভি (জীবন বৃত্তান্ত) আগামী ২০-১২-২০২২ইং তারিখের মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা হইল।

যোগ্যতা ঃ ডিগ্রী-অনার্স।
বয়স ঃ ২০-৩০ বছর।
ডিউটি ঃ সকাল ৮.৩০-বিকাল ৫ ঘটিকা।
অভিজ্ঞতা ঃ প্রয়োজন নাই।
ই-মেইল ঃ Dodam sirajganj22@gmail.com

স্থান ঃ জ্যোতি প্লাজা-২য় ফ্লোর,
বড় বাজার, টুকু ব্রীজ সংলগ্ন, সিরাজগঞ্জ।



## ভ্যাট দিবসে শ্রেষ্ঠ আয়কর দাতার সম্মাননা পেলেন কিসমত বিড়ি ফ্যাক্টরীর মালিক হাজী আলতাফ হোসেন

■ নিজস্ব প্রতিবেদক
'উন্নয়নের ভ্যাট নীতি ভ্যাট দিয়ে গড়ব জাতি'-এ প্রতিপাদ্যকে সামনে রেখে রাজশাহীতে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে সেমিনার, আলোচনা সভা ও ১৮ জনকে সর্বোচ্চ মূল্য সংযোজন করদাতাদের সম্মাননা দেওয়া হয়। গত শনিবার (১০ডিসেম্বর) রাজশাহী চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উৎপাদন খাতে সিরাজগঞ্জের কিসমত বিড়ি ফ্যাক্টরির স্বত্বাধিকারী হাজী মোঃ আলতাফ হোসেনকে জেলা পর্যায়ে সর্বোচ্চ মূল্য সংযোজন কর পরিশোধকারী হিসেবে বিশেষ সম্মাননা ও ক্রেস্ট তুলে দেন ট্যাক্সে আপিলাত ট্রাইব্যুনালের প্রেসিডেন্ট ড. খন্দকার মো. ফেরদৌস আলম।
রাজশাহী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনার ইসমাইল হোসেন সিরাজীর সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন, রাজশাহীর কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারের অতিরিক্ত কমিশনার এস এম (২য় পাতায় দেখুন)